

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
বাজারজাতকরণ শাখা
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৪.১৬.০০১.১৯.৭

তারিখ: ৩ আশ্বিন ১৪২৬

১৮ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: “বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচী” প্রকল্পের মাসিক প্রতিবেদন যথা সময়ে প্রেরণ।

উর্পযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত “বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচী” শীর্ষক প্রকল্পটি বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের কল্যাণে গৃহীত সরকারের একটি বিশেষ কার্যক্রম। উক্ত প্রকল্প/কর্মসূচী বাস্তবায়নে বিআরডিবি এবং মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আলোকে নিয়মিত মাসিক অগ্রগতি প্রতিবেদন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। উক্ত মাসিক প্রতিবেদনে পূর্ববর্তী মাসের ১৬ তারিখ হতে প্রতিবেদন মাসের ১৫ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি উপজেলা থেকে সংগ্রহ পূর্বক তা একীভূত করে জেলাস্তর হতে ২৫ তারিখের মধ্যে সরেজমিন বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। কিন্তু অধিকাংশ জেলা হতে সময়মত প্রতিবেদন না পাওয়ায় প্রায়শঃই টেলিফোনিক যোগাযোগ করে জেলা দপ্তর হতে প্রতিবেদন সংগ্রহ করতে হয় এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণে অনাকাঙ্ক্ষিত বিলম্ব হয়। মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণে বিলম্ব হেতু মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নিকট প্রায়শঃই বিব্রতকর পরিস্থিতির সন্মুখীন হতে হয়।

এমতাবস্থায়, প্রতিমাসের ২৫ তারিখের মধ্যে সরেজমিন বিভাগে মাসিক প্রতিবেদনের হার্ড কপি এবং ই-মেইল ঠিকানায় (admarketing@brdb.gov.bd) সফট কপি প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।



১৮-৯-২০১৯

সুকুমার চন্দ্র দাস

যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলাদপ্তর
(সকল)

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৪.১৬.০০১.১৯.৭/১(২)

তারিখ: ৩ আশ্বিন ১৪২৬

১৮ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ২) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।



১৮-৯-২০১৯

আলমগীর কবির সরকার

সহকারী পরিচালক